দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ... ......

07

# দাখিল পরীক্ষায় পাসের হার ৬৮.২০ ভাগ

ইত্তেফাক রিপোর্ট॥ গতকাল (রবিবার) মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার গড়ে ৬৮ দশমিক ২০। সারাদেশে ১ লক্ষ ৪ হাজার ৬৪১ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ২২ হাজার ৫৯০ জন প্রথম, ৪৪ হাজার ৮২৩ জন দ্বিতীয় এবং ৩ হাজার ৯৫৪ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। সাধারণ বিভাগে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল (১৫শ পৃঃ দ্রঃ)

## দাখিল পরীক্ষায়

(১ম পৃঃ পর)

৯৬ হাজার ১৯ জন। পাস করিয়াছে ৬৪ হাজার ৩২২ জন। তন্মধ্যে ১৮ হাজার ৫৫২ জন প্রথম, ৪১ হাজার ৮৯২ জন দ্বিতীয় এবং ৩ হাজার ৮৭৮ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। পাসের হার ৬৬ দশমিক ৯১।

বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ৭ হাজার ৪১৮ জন। পাস করিয়াছে ৬ হাজার ৩০১ জন। তন্মধ্যে ৩ হাজার ৭৯৪ জন প্রথম, ২ হাজার ৪৪৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৬০ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। পাসের হার ৮৪ দশমিক ৯৪।

মুজাব্বিদ বিভাগে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ হাজার ১৯২ জন। পাস করিয়াছে ৭৩৫ জন। তন্মধ্যে ২৩৬ জন প্রথম, ৪৮৩ জন দ্বিতীয় এবং ১৬ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। পাসের হার ৬১ দশমিক ৬৬। হিফজুল বিভাগে সারাদেশে ১২ জন ছাত্র- ছাত্রীর মধ্যে ৯ জন পাস করিয়াছে।

দাখিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে ধামতী ইসলামিয়া কামিল মাদ্রাসার মোহাম্মদ মোরশেদ আলম। তাহার প্রাপ্ত নম্বর ৮৯৪। মেধা তালিকায় দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করিয়াছে যথাক্রমে দৌলতগঞ্জ গাজীমুড়া কামিল মাদ্রাসার ফকরুল ইসলাম এবং ধামতি ইসলামিয়া কামিল মাদ্রাসার মোহাম্মদ দেলোয়ার হোসেন। সাধারণ বিভাগে নলীচরকগাছিয়া এতীম মঞ্জিল আলিম মাদ্রাসার মুহাম্মদ হারুনূর রশিদ, বিজ্ঞান বিভাগে ধামতী আলিয়া মাদ্রাসার মুহম্মদ মোরশেদ আলম, মুজাব্বিদ বিভাগে জামেয়ায়ে কাশেমিয়া কামিল মাদ্রাসার মাছউদুর রহমান মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে।